

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ মার্চ ২০২২

বাঙালির জনকের জন্মদিনে চসিক মেয়র

## বঙ্গবন্ধু সর্বজনীন সর্বকালীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, আজ বাঙালীর মহামানবের জন্মদিন। যার জন্ম হয়েছিলো বলেই বাংলাদেশে জন্ম হয়েছে। যিনি বাঙালী পরিচয়ের প্রতীক, বাঙালীর চেতনায় যিনি স্বমহিমায় সমুজ্জ্বল। যাকে নিয়ে বাঙালীর অহংকার কোনদিন ফুরাবে না। একজন মানুষ যে দেশ ও জাতির সামর্থক শব্দ হয়ে উঠতে পারেন, তার উৎকৃষ্ট উদহারণ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। কালের বিবর্তনে বঙ্গবন্ধু সর্বজনীন সর্বকালীন।

আজ বৃহস্পতিকার সকালে পাহাড়লী শেখ রাসেল শিশু পার্কে জাতির পিতার ১০১তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত আলোচনা সভায় ও কেক কাটা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্যানেল মেয়র আবদুস সবুর লিটন, মোহাম্মদ গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, কাউন্সিলর আবদুস সালাম মাসুম, অধ্যাপক মো. ইসলামইল, ওয়াসিম উদ্দিন চৌধুরী, হাসান মুরাদ বিপ্লব, মো. নুরুল আমিন, আবুল হাসনাত বেলাল, সচিব খালেদ মাহমুদ, প্রধান প্রকৌশলী রফিকুল ইমলাম মানিক, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী, আইন কর্মকর্তা মো. জসিম উদ্দিন, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুর হাশেম, অতি. প্রধান প্রকৌশলী কামরুল ইসলাম, ম্যাজিস্ট্রেট মনিষা মহাজন, অতি. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী। এতে স্বাগত বক্তব্য রাখেন চসিক প্রধান শিক্ষ কর্মকর্তা লুৎফুন নাহার।

মেয়র আরো বলেন, বিংশ শতাব্দীতে নির্ধারিত, নিপীড়িত ও শোষিত মানুষের জন্য আন্দোলন সংগ্রামে অবদান রাখার জন্য বঙ্গবন্ধু বিশ্বশান্তি পরিষদ প্রদত্ত জুলিও কুরি পদকে ভূষিত হন। বিবিসি'র এক জরিপে তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী নির্বাচিত হন। যুদ্ধ বিধ্বস্ত স্বাধীন বাংলাদেশের জনগণের অর্থনৈতিক মুক্তি অর্জনের লক্ষ্যে বঙ্গবন্ধু যখন বিভিন্নমুখী কার্যক্রম গ্রহণ করতে শুরু করেন ঠিক সেই মুহূর্তে স্বাধীনতা যুদ্ধে পরাজিত শক্তি ও কায়মী স্বার্থান্বেষী মহল তাঁর বিরুদ্ধে ঘৃণ্য ষড়যন্ত্র শুরু করে এবং ওই ষড়যন্ত্রেরই অংশ হিসেবে ১৯৭৫ সালের ১৫ আগস্ট কতিপয় উচ্চবিলাসি সেনা কর্মকর্তা তাঁকে নির্মমভাবে সপরিবারে হত্যা করে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিব -এর শুভ জন্মদিনে আসুন আমরা ঐক্যবদ্ধভাবে সকল অপতৎপরতা প্রতিহত করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে প্রিয় মাতৃভূমিকে উন্নয়ন, অগ্রগতির পথ ধরে সামনে এগিয়ে নিয়ে যাই। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত-সমৃদ্ধ সোনার বাংলা হিসেবে গড়ে তোলার প্রচেষ্টা অব্যাহত রাখি। এখন শুধু আমাদের সামনে এগিয়ে যাওয়ার পালা, পিছনে ফিরে তাকানোর কোন সুযোগ নেই। সকল বাধা-বিপত্তি অতিক্রম করে এদেশকে আমরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শোষণ-বঞ্চনা মুক্ত, ক্ষুধা, দারিদ্র্য, নিরক্ষরতা মুক্ত অসাম্প্রদায়িক চেতনার সোনার বাংলাদেশ হিসেবে প্রতিষ্ঠা করি।

জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে চসিকের অন্যান্য কর্মসূচির মধ্যের সকালে নগর ভবনে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, মিলাদ মাহফিল, মেমন জেনারেল হাসপাতের ফ্রি চিকিৎসা ক্যাম্পের উদ্বোধন, কর্পোরেশনের সকল মসজিদ মাদ্রাসায় মিলাদ ও বিশেষ মোনাজাত, মন্দির ও গীর্জায় বিশেষ প্রার্থনা, কর্পোরেশন অফিস, শিক্ষা প্রতিষ্ঠান, মার্কেট ও স্থাপনাসমূহে আলোকসজ্জা, ওয়ার্ড কার্যালয়ে এবং নগরীর গুরুত্বপূর্ণ স্থানে জাতির পিতা বঙ্গবন্ধুর ভাষণ ও দেশাত্তবোধক গান প্রচার, বিশেষ পরিচ্ছন্নতা অভিযান, সকল ওয়ার্ডে জাতীয় পতাকা উত্তোলনসহ পুষ্পস্তবক অর্পণের ব্যাপক কর্মসূচি পালিত হয়।

শেষে অমর একুশ উপলক্ষে রচনা প্রতিযোগিতায় অগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩